# জীবন এখন

বিবশ সভ্যতার
বিধবস্ত রূপ
মাঝে মাঝে দরজা খুলে
বাইরে চলে আসে
লজ্জাহীন বেশে;

ভুলে যাই
আরণ্যক জীবন থেকে
বিবর্তন এসেছিল বহু আগে ।

অন্ধকারের ছায়া ছিঁড়ে
বিদ্রোহী মানুষ
আলোর নৌকাতে রেখেছিলপা
অনেক নিটোল মূহূর্তের
প্রান্তদেশে।

যন্ত্রণার উপকূলে বিছানোজীবন
তবুও আজও স্বপ্ন
খুঁজে ফেরে ।

সুব্রত ঘোষ


Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com